



# জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

সূত্রঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতা/১৯

তারিখঃ ০৫.০২.২০১৯

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয় সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
স্টাফ কলেজ এবং রিজিওনাল স্টাফ কলেজসমূহ  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস  
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : ২০১৯ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতার মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৯ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ১(এক) জোড়া চামড়ার ও ১(এক) জোড়া রাবারের জুতার মূল্য নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ করা যাবে।

ক্রমিক নং	জুতার বর্ণনা	প্রতি জোড়া জুতার মূল্য (টাকা)
১।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) চামড়ার জুতা	১,২৯০.০০
২।	কালো রংয়ের (বাটা সু কোম্পানী/বাটা বাজার) রাবারের জুতা	১৯০.০০
	মোটঃ	১,৪৮০.০০

কথায়ঃ (এক হাজার চারশত আশি) টাকা মাত্র।

## নিয়মাবলী/শর্তাবলী :

- উল্লিখিত বর্ণনার জুতা নির্ধারিত মূল্যে স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীগণ যে কোন বাটা সু কোম্পানী/বাটা বাজার হতে ক্রয়ের পর স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে/শাখায় জুতার মেমো/ রশিদ জমা দান সাপেক্ষে পুনঃভরণ পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।
- মহিলা স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের ক্ষেত্রে উক্ত নির্ধারিত মূল্য ও নিয়মাবলী সমভাবে প্রযোজ্য হবে, তবে তাদেরকে উক্ত জুতার পরিবর্তে বাটা সু কোম্পানীর যে কোন ধরনের ২(দুই) জোড়া স্যান্ডেল ক্রয় করতে হবে।
- স্থায়ী নন-ক্লারিক্যাল সকল কর্মচারীগণ প্রতি বৎসর উক্ত সুবিধা পেয়ে থাকে। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখঃ ১০/০১/১৯৯৭ এর আলোকে স্থায়ী কর্মচারীর চাকুরীর সময়সীমা ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবে।
- পিআরএল ভোগরত নন-ক্লারিক্যাল কর্মচারীগণ জুতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না।
- উল্লিখ্য কর্মচারী কর্তৃক জুতা ক্রয় করায় সরকারী বিধিমালা অনুযায়ী জুতার মূল্য প্রদানকালে প্রত্যেকের নিকট হতে ৫% হারে অর্থাৎ ৭০/- (সত্তর) টাকা করে ভ্যাট কর্তনপূর্বক কর্তনকৃত ভ্যাটের টাকা একীভূত আকারে বিভাগীয়/এরিয়া অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যু করতঃ আগামী ১(এক) মাসের মধ্যে প্রধান কার্যালয়ের “একাউন্টস ডিপার্টমেন্ট” বরাবরে পত্রের মাধ্যমে প্রেরণ করতে হবে।

...চলমান পাতা-০২

Non Clerical Uniform Circular Letter-2019



# জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

পাতা-০২

সূত্রঃ- পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতা/১৯

তারিখঃ ০৫.০২.২০১৯



বিষয় : ২০১৯ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের জুতার মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে ।


- (চ) কর্মচারীগণ যাতে যথাযথ ইউনিফর্ম/জুতা পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে পরামর্শ দেয়া যাচ্ছে । জুতার মূল্য পরিশোধের পর সংশ্লিষ্ট সকল কর্মচারীদের নামের তালিকা (পদবীসহ) আগামী ১(এক) মাসের মধ্যে অত্র ডিপার্টমেন্টে প্রেরন করার জন্য অনুরোধ করা হ'ল ।

উপরোক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে ।

ধন্যবাদান্তে ।

আপনার বিশ্বস্ত,

  
( আরিফ আহমেদ ) ৫/২/২০১৯  
সহকারী মহাব্যবস্থাপক  


  
(মোঃ মহসীন আলী সরকার)  
উপ-মহাব্যবস্থাপক